

কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ে ঐক্যোতক ২০২১-২২ শিক্ষাবর্ষে ২০২০টি আসনের বিপরীতে ভর্তি আবেদন জমা পড়েছে ৪২ হাজার ৪২৯টি। এতে প্রতি আসনে লড়বেন ২১ জন ভর্তিচ্ছু। বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেল সূত্রে এ তথ্য জানা গেছে। এ বছর ইসলামী বিশ্ববিদ্যালয়ে ‘এ’ ইউনিটে ৫৫০ আসনের বিপরীতে আবেদন পড়েছে ২৪ হাজার ৩৪৩টি, ‘বি’ ইউনিটে ১০২০ আসনের বিপরীতে ১২ হাজার ৮৭০টি ও ‘সি’ ইউনিটে ৪৫০ আসনের বিপরীতে ৫ হাজার ২১৬টি আবেদন পড়েছে।

advertisement 3

গত ১৭ অক্টোবর থেকে গুচ্ছভুক্ত ২২ বিশ্ববিদ্যালয়ের ২০২১-২২ শিক্ষাবর্ষে সমন্বিত ভর্তি পরীক্ষার চূড়ান্ত আবেদন শুরু হয় এবং শেষ হয় ২৭ অক্টোবর। ৩০ জুলাই দেশের ১৯ কেন্দ্রের ৫৭টি ভেন্যুতে একযোগে গুচ্ছের ‘ক’ ইউনিটের, ১৩ আগস্ট মানবিক অনুষদভুক্ত ‘বি’ ইউনিটের এবং ২০ আগস্ট বাণিজ্য অনুষদভুক্ত ‘সি’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। গুচ্ছের এবারের ভর্তি পরীক্ষায় ‘ক’ ইউনিটে ৮৫ হাজার ৫৮২ জন, ‘বি’ ইউনিটে ৪৮ হাজার ১০৬ জন এবং ‘সি’ ইউনিটে ২৩ হাজার ২২৮ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী পাস করেছেন।

advertisement 4